

82

দৈনিক বাংলা

তারিখ .. 0.2. FEB. 1995
পৃষ্ঠা ৯ কলাম ৯

দেশে আরও ৫টি মেডিক্যাল কলেজ হচ্ছে

চট্টগ্রাম ব্যুরো : দেশে আরও পাঁচটি মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠা করা হচ্ছে। কুমিল্লা, খুলনা, দিনাজপুর, বগুড়া, ফরিদপুর জেলায় এই নতুন মেডিক্যাল কলেজ স্থান করা হবে। ইতিমধ্যে এ কলেজগুলোর জন্যে অধ্যক্ষ, অধ্যাপক, কর্মকর্তা-কর্মচারী নিয়োগের জন্যে পরি-করনা মন্ত্রণালয় অনুমোদন দিয়েছে। অর্থ মন্ত্রণালয়ে অর্থ বরাদ্দের ব্যবস্থা নিয়েছে।

দেশে আরও আটটি মেডিক্যাল কলেজ রয়েছে। দেশে বিন্যাসমান এই আটটি

কলেজকে আধুনিকায়ন করার জন্যে ইতিমধ্যে অর্থ বরাদ্দ দেয়া হয়েছে। প্রায় ২০ কোটি টাকা ব্যয়ে চট্টগ্রাম মেডিক্যাল কলেজকে আধুনিকীকরণ ও মিলনায়তনের দীর্ঘতাপ নিয়ন্ত্রিত ব্যবস্থা চালু করার উদ্যোগ নেয়া হয়েছে।

জেলা হাসপাতালগুলোকে আধুনিকী-করণ, নতুন মেশিনারী ও সরঞ্জাম স্থাপন, অভিজ্ঞ চিকিৎসক ও বিশেষজ্ঞ নিয়োগ করা হয়েছে। চট্টগ্রাম ও রাজশাহীতে দুটি ডেন্টাল কলেজ প্রতিষ্ঠা করা হয়েছে।